যায়যায়দিন

তারিখ ... 1 FEB 2012 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# যমজ কোটায় ছাত্রী ভর্তি নিয়ে হাইকোর্টের রুল

যাযাদি রিপোর্ট

ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজে যমজ-বোন কোটায় নয়জন ছাত্রীকে ভর্তি হওয়ার নির্দেশ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।

মঙ্গলবার রিটের শুনানি শেষে বিচারক ফরিদ আহাম্মদ ও বিচারক শেখ হাসান আরিফের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বিভাগের বেঞ্চ এ আদেশ দেন। তিন সপ্তাহের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের ভিজি, চেয়ারম্যান, ঢাকা জেলা প্রশাসক, শিক্ষা বোর্ডের ডেপুটি ডাইরেক্টর, জেলা শিক্ষা অফিসার ও ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্টদের রুলের জবাব দিতে বলেছেন আদালত। শুনানিতে রিটকারীর পক্ষে ছিলেন অ্যাডভোকেট এম এ গাফফার ও রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোতাহার হোসেন সাজু।

প্রসঙ্গত, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ভর্তির নীতিমালার (২০১১) ১৮ ধারায় বলা হয়েছে কোনো স্কুলে যদি আসন শূন্য থাকে তাহলে সহোদর/ যমজ/ ভাইবোনকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

রিটে বলা হয়, হোসেন আহমদসহ নয়জন অভিভাবকের দাবি ভিকারুননিসার প্রথম শ্রেণীর ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা মানা হয়নি।